

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
প্রধান কার্যালয়  
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
Website: www.dnc.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৪.১৪.০২৪.২১.১৪৯

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮

১২ অক্টোবর ২০২১

বিষয়: “মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৪১টি জেলা কার্যালয় (১ম পর্যায়ে ৭টি) নির্মাণ” শীর্ষক প্রকল্পের অফিস আসবাবপত্র/যন্ত্রপাতির তালিকা প্রণয়ন ও বাজারদর যাচাই কমিটি গঠন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত “মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৪১টি জেলা কার্যালয় (১ম পর্যায়ে ৭টি) নির্মাণ” শীর্ষক প্রকল্পের অফিস আসবাবপত্র/যন্ত্রপাতির তালিকা প্রণয়ন ও বাজারদর যাচাইয়ের নিমিত্ত নিম্নোক্ত কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো:

ক। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা	- আহ্বায়ক
খ। বাংলাদেশ পুলিশ সদর দপ্তরের একজন প্রতিনিধি	- সদস্য
গ। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা	- সদস্য
ঘ। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো (দক্ষিণ) কার্যালয়	- সদস্য
ঙ। সহকারী পরিচালক (কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা	- সদস্য সচিব

কমিটি প্রয়োজনে যেকোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

কমিটির কার্যপরিধি:

ক। প্রণীত খসড়া নকশা ও মাস্টারপ্ল্যান অনুযায়ী প্রকল্পে বর্ণিত অফিসমূহের জন্য প্রয়োজনীয় অফিস আসবাবপত্র/যন্ত্রপাতির তালিকা প্রণয়ন;

খ। বর্ণিত কমিটি কর্তৃক প্রণীত অফিস আসবাবপত্র/যন্ত্রপাতির তালিকা অনুযায়ী বাজারদর যাচাই করা।

০২। এমতাবস্থায়, বর্ণিত কমিটিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত “মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ৪১টি জেলা কার্যালয় (১ম পর্যায়ে ৭টি- বরিশাল, পাবনা, কুমিল্লা, নওগাঁ, ফরিদপুর, কক্সবাজার ও লালমনিরহাট) নির্মাণ” শীর্ষক প্রকল্পে প্রণীত খসড়া নকশা ও মাস্টারপ্ল্যান অনুযায়ী প্রয়োজনীয় অফিস আসবাবপত্র/যন্ত্রপাতির তালিকা প্রণয়ন ও বাজারদর যাচাইপূর্বক আগামী ২৬ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২-১০-২০২১

(মো: হামিমুর রশীদ)

উপপরিচালক

ফোন: ৪৮৩২২১৯৫

ইমেইল: ddppd@dnc.gov.bd

বিতরণ :

১) মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ। দৃ. আ. অতিরিক্ত  
মহা পুলিশ পরিদর্শক (প্রশাসন), (একজন উপযুক্ত প্রতিনিধি  
মনোনয়নপূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

২) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয়  
কার্যালয়, ঢাকা।

৩) উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয়

গোয়েন্দা কার্যালয়, ঢাকা।

৪) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো

(দক্ষিণ) কার্যালয়, ঢাকা।

৫) সহকারী পরিচালক, কমন সার্ভিস, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ

অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৪.১৪.০২৪.২১.১৪৯/১(৬)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮

১২ অক্টোবর ২০২১

অনুলিপি:

১) অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৪) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫) অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬) অফিস কপি।

১২-১০-২০২১

(মো: হামিমুর রশীদ)

উপপরিচালক